



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

গুলফেশাঁ প্লাজা (১২তম, তলা) ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগ বাজার, ঢাকা-১২১৭

ফোনঃ চেয়ারম্যান- ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য- ৯৩৩৬৩৬৯, সচিব- ৯৩৩৬৮৬৩

হেল্প লাইন- ৯৩৪৭৯৭৯ (সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৫.০০টা)

ফ্যাক্সঃ ৮৩৩৩২১৯; ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: জামাকন/প্রেস:বিজ্ঞঃ/২৩৯/১৩-

তারিখ: ০৭ আগস্ট, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রতিনিধিদলের সঙ্গে জাতীয় মানবাধিকার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত।

০৭ আগস্ট, ২০১৬ তারিখ বেলা ১২:০০ টায় জাতীয় মানবাধিকার কমিশন কার্যালয়ের সম্মেলন কক্ষে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রতিনিধিদলের সঙ্গে জাতীয় মানবাধিকার কমিশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। শুরুতে জাতীয় শিক্ষক কর্মচারী সমিতির প্রতিনিধিদল কমিশনের নবনিযুক্ত মাননীয় চেয়ারম্যান ও সার্বক্ষণিক সদস্য মহোদয়কে ফুলেল শুভেচ্ছা জানান।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি বলেন, সম্প্রতি সংঘটিত সন্ত্রাসী কর্মকাণ্ড প্রতিহত করতে শিক্ষকদের ঐক্যবদ্ধ হওয়াটা জরুরি। কারণ কোমলমতি শিক্ষার্থীদের কাছে শিক্ষকদের কথার মূল্য অনেক বেশি। তিনি আরো বলেন জাতীয় মানবাধিকার কমিশন শিক্ষক, ছাত্র, সাংবাদিক, ইমামসহ বিভিন্ন পেশার মানুষের সঙ্গে মতবিনিময় করে এ বিষয়ে করণীয় নির্ধারণ করবে।

কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ নজরুল ইসলাম গুনগত মানসম্পন্ন শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন। জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের প্রতিনিধিদল কমিশনের বক্তব্য গভীর মনোযোগ সহকারে শোনে এবং তাদের মতামত জানান। মতবিনিময় সভা অভ্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়। কমিশনের সচিব হিরন্ময় বাউড়ে সমাপনী বক্তব্য দেন।

বার্তা প্রেরক

Farhana ০৭/০৮/১৬

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন (জামাকন), বাংলাদেশ